

৩৩

তারিখ 31 DEC 1993

পৃষ্ঠা... ৮... কলাম... ১...

শ্রমের কাগজ

গ্রন্থনীতি ২১ ফেব্রুয়ারির মধ্যে

জাতীয় বইমেলা

কাল শুরু হচ্ছে

কাগজ প্রতিবেদক : জাতীয় উন্নয়নে বইয়ের কার্যকরী ভূমিকা নিশ্চিত করা, জাতীয় উন্নয়ন পরিকল্পনা ও গ্রন্থ উন্নয়ন পরিকল্পনার মধ্যে সমন্বয় সাধন, গ্রন্থ প্রকাশনা শিল্পের সার্বিক উন্নয়ন এবং পাঠাভ্যাস বৃদ্ধি করার লক্ষ্যে জাতীয় গ্রন্থকেন্দ্র নানা কার্যক্রম গ্রহণ করেছে। এ লক্ষ্যে গ্রন্থকেন্দ্র পঞ্চকালব্যাপী পঞ্চদশ জাতীয় বইমেলায় আয়োজন করেছে। আগামীকাল শনিবার বিকেল ৪.১৫ মিনিটে ওসমানী স্মৃতি মিলনায়তনে বইমেলা উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী বালেদা জিয়া। এ উপলক্ষে একটি র্যালি অনুষ্ঠিত হবে আজ সকাল ৯টায়। গতকাল বৃহস্পতিবার জাতীয় গ্রন্থকেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে সংস্কৃতি প্রতিমন্ত্রী অধ্যাপিকা জাহানারা বেগম উপরোক্ত তথ্যসমূহ জানিয়েছেন।

প্রতিমন্ত্রী জানান, দেশে সার্বিকভাবে গ্রন্থ উন্নয়ন কার্যক্রম জোরদার করার জন্য জাতীয় গ্রন্থকেন্দ্র ১৮৩ লাখ টাকার একটি প্রকল্প গ্রহণ করেছে। আগামী বছর ঢাকায় একটি সার্ক বইমেলা অনুষ্ঠান এবং জেলা ও থানা পর্যায়ে বেসরকারি গ্রন্থাগারসমূহে সহায়তা প্রদানের ঘোষণা দেওয়া হয় সংবাদ সম্মেলনে। প্রতিমন্ত্রী অধ্যাপিকা জাহানারা বেগম এক প্রশ্নের জবাবে জানান, গ্রন্থ উন্নয়ন সম্পর্কে আগামী ফেব্রুয়ারি মাসের মধ্যেই জাতীয় গ্রন্থনীতি ঘোষণা করা হবে। গ্রন্থকেন্দ্রে তদ্বি অভিযানের ফলে সাবেক পরিচালকের বিরুদ্ধে গৃহীত ব্যবস্থায় কারণে পেনশন স্থগিত আছে বলে সংবাদ সম্মেলনে উল্লেখ করা হয়।